দৈনিক বাংলা

তারিখ ... 11/11/79
পৃষ্ঠা ... 5 কলাম ... 1



## পরলোকে মারকিউস



মারকিউস

ফ্রাংকফুর্ট (পশ্চিম জার্মানী): '৬০ দশকের ছাত্র আন্দোলনের ভাবধারার জনক বলে পরিচিত হার্বার্ট মারকিউস সম্প্রতি ৮১ বছর বয়সে মিউনিখের কাছে স্টার্নবার্গে মারা গেছেন। বার্লিনে জন্মগ্রহণকারী এ ইহুদী দার্শনিক ফ্রাংকফুর্ট ইন্সটিটিউট অব সোশ্যালরিসার্চের অন্যতম প্রতিষ্ঠাতা। ১৯৩৩ সালে নাৎসী আমলে তিনি যুক্তরাষ্ট্রে চলে যান। বিত্তশালী সমাজের সমালোচনার জন্য তিনি আমেরিকার 'সংশয় যুগের' আধ্যাত্মিক জনক বলে পরিচিত হন। অবশ্য পশ্চিম জার্মানীর তরুণ সম্প্রদায় ও তাঁকে পুরোধা বলে গ্রহণ করে।

## লুথারের উইল

সম্প্রতি বুদাপেস্টে যে নয়া 'প্রোটেস্ট্যান্ট মিউজিয়াম' খোলা হয়েছে তার সবচেয়ে মূল্যবান দ্রষ্টব্য বস্তু ছিল মার্টিন লুথারের স্বহস্ত লিখিত উইল। এ মিউজিয়ামে প্রায় ৪শ' দলিল দস্তাবেজ আছে। আর এসবের মধ্য দিয়ে পরিচয় পাওয়া যায় লুথারীয় চর্চা এবং হাঙ্গেরীর ধর্মীয় সংস্কার আন্দোলনের ইতিহাস।

## শু সাহিত্যের বিশ্বকো

ফ্রাংকফুর্টের জোহান উলফগ্যাং গোটে বিশ্ববিদ্যালয়ের প্রথম 'শিশু ও কিশোর সাহিত্যের বিশ্বকোষ' প্রণীত হচ্ছে। ১৯৮১ সালের মধ্যে এটার কাজ শেষ হবে। ১৫ বছর যাবৎ আনুমানিক ২শ' জার্মান ও বিদেশী বিশেষজ্ঞ এ গ্রন্থ প্রণয়নের কাজ করছেন। এ বিশ্বকোষে তথ্য ও জীবন বৃত্তান্ত সম্পর্কে দু'হাজার নিবন্ধ এবং ৩০ হাজার গ্রন্থবিবরণী থাকবে। পশ্চিম জার্মানী থেকে প্রকাশিত সাময়িকী 'স্কালা'র নভেম্বর সংখ্যায় উল্লিখিত তথ্য দেওয়া হয়েছে।